

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৭২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّيْفُ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ يَقُولُ: ابْنَ آدَمَ تَفْرَغْ لِعِبَادَتِي أَمْلاً صَدْرَكَ غِنَى وَأُسِدَّ فَقْرَكَ وَإِنْ لَا تَفْعَلْ مَلَأْتُ يَدَكَ شُغُلًا وَلَمْ أَسُدَّ فقرك . رَوَاهُ أَحْمد وَابْن مَاجَه

اسناده حسن ، رواه احمد (2 / 358 ح 8681) و ابن ماجم (4107) ـ (صَحِیح)

বাংলা

৫১৭২-[১৮] উক্ত রাবী [আবু হুরায়রাহ্ (রা.)] হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ (সা.) বলেছেন: নিশ্চয় আল্লাহ তা'আলা বলেন, হে আদম সন্তান! আমার ইবাদতের জন্য ব্যস্ততা হতে মুক্ত হও। আমি তোমাদের হৃদয়কে অভাবমুক্তি দ্বারা পরিপূর্ণ করে দিব এবং তোমার দরিদ্রতার পথ বন্ধ করে দিব। আর যদি তা না করো, তবে আমি
তোমার হাতকে (দুনিয়ার) ব্যস্ততায় পূর্ণ করে দেবো এবং তোমার অভাব মিটাব না। (আহমাদ ও ইবনু মাজাহ)।

ফুটনোট

সহীহ: ইবনু মাজাহ ৪১০৭, সিলসিলাতুস সহীহাহ্ ১৩৫৯, মুসনাদে আহমাদ ৮৬৮১, তিরমিয়ী ২৪৬৬, সহীহুল জামি ১৯১৪, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩১৬৫, মুসান্নাফ আবদুর রাজ্জাক ২০৩০৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ। ৩৪৬৯৯, সহীহ ইবনু হিব্বান ৩৯৩, শুআবুল ঈমান ১০৩৩৯, আল মুজামুস সগীর লিত্ব ত্ববারানী ১৬৮৯৪, আল মুসতাদরাক লিল হাকিম ৩৬৫৭।

ব্যাখ্যা



ব্যাখ্যা : (ابْنَ آدَمَ تَفْرَّغُ لِعِبَادَتِي أَمْلاً صَدْرَكَ غِنَى وَأَسِدَّ فَقْرَك) আল্লাহ তা'আলা বলেন, হে আদম সন্তান! তুমি আমার 'ইবাদতে মশগুল থাক আমি তোমার অন্তরকে ধনাঢ্যতা দিয়ে পূর্ণ করে দিবো এবং তোমার প্রয়োজন মিটিয়ে দিব।

ইমাম বায়হাক্কী (রহিমাহুল্লাহ) ইমরান ইবনু হুসায়ন থেকে মারফু সূত্রে বর্ণনা করেছেন, যে ব্যক্তি আল্লাহর প্রতি মনোযোগী হয় আল্লাহ তাঁর সমস্ত প্রয়োজন মিটিয়ে দেন এবং এমন জায়গা হতে রিযকের ব্যবস্থা করেন যা সে কল্পনাও করতে পারে না। আর যে ব্যক্তি দুনিয়ার প্রতি মনোযোগী হয় আল্লাহ তা'আলা তাকে দুনিয়ার প্রতি সোপর্দ করেন। অর্থাৎ আল্লাহ তা'আলা তার দায়িত্ব তারই নিজ হাতে তুলে দেন, তার কোন দায়িত্ব আল্লাহ গ্রহণ করেন না। (মিক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন